



# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১

তারিখ: ২৫.০২.২০২৫

প্রেস রিলিজ

## পাবিপ্রবি শুরু করেছে ‘বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা’

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শারীরিক শিক্ষা দপ্তরের আয়োজনে আজ মঙ্গলবার (২৫ ফেব্রুয়ারি) দুইদিনব্যাপী “বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা-২০২৫” শুরু হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. এসএম আব্দুল-আওয়াল প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কেন্দ্রীয় খেলার মাঠে বেলুন উড়িয়ে ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন করেন। এতে বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. শামীম আহসান।

আরও উপস্থিত ছিলেন প্রক্টর অধ্যাপক ড. কামরুজ্জামান খান, ছাত্র উপদেষ্টা ড. মো. রাশেদুল হক, খেলা পরিচালনা কমিটির আহ্বায়ক মো. শফিউল আজম এবং শারীরিক শিক্ষা দপ্তরের পরিচালক মো. এনামুল হক।

উপাচার্য অধ্যাপক ড. এসএম আব্দুল-আওয়াল শিক্ষার্থীদের উদ্দেশে বলেন, “শারীরিক ও মানসিকভাবে সুস্থ থাকলে হলে খেলাধুলার পাশাপাশি সকল ধরনের এক্সট্রা কারিকুলামের সাথে যুক্ত থাকতে হবে। খেলাধুলার মাধ্যমেই ফিজিক্যাল ফিটনেস ঠিক রাখা এবং বিভিন্ন রোগ থেকে মুক্তি পাওয়া যায়।”

উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. শামীম আহসান খেলার মধ্যে নিয়ম-কানুন, এবং শৃঙ্খলাবোধ বজায় রেখে খেলা পরিচালনা করার কথা বলেন। আরও বলেন, শারীরিক সুস্থতা ও মানসিক বিকাশের ক্ষেত্রে খেলাধুলার কোনো বিকল্প নেই।

দৌড় প্রতিযোগিতা, হাই ও লং জাম্প, রিলে দৌড়, বর্ষা, গোলক ও চাকতি নিক্ষেপ, সাঁতার এই ইভেন্টগুলোতে খেলা হচ্ছে।

বিভিন্ন অনুষদের ডিন, শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ মাঠে খেলা উপভোগ করেন। আগামীকাল ২৬ ফেব্রুয়ারি পুরস্কার বিতরণের মধ্য দিয়ে খেলার সমাপনী অনুষ্ঠিত হবে।

২৫.০২.২০২৫

(মো. বাবুল হোসেন)

সহকারী পরিচালক

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।